যুগান্তর

তারিখ ..... 27 MAY 2003
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

চবি উত্তপ্ত : উপাচার্য অফিস ঘেরাও

চট্টগ্রাম ব্যুরো

শিক্ষার্থীদের ভর্তি ও বেতন ফি বৃদ্ধির প্রতিবাদে শুরু হওয়া আন্দোলনকে কেন্দ্র

উত্তপ্ত : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

উত্তপ্ত : চবি

(১ম পৃষ্ঠার পর)

করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি ফের উত্তপ্ত হয়ে উঠেছে। গতকাল সোমবার পুলিশের বাধা সত্ত্বেও শত শত ছাত্রছাত্রী প্রগতিশীল ছাত্রজোটের ব্যানারে উপাচার্য অফিস ঘেরাও করে বর্ধিত বেতন ফি প্রত্যাহারের দাবি জানিয়েছে। ছাত্র জোট আগামীকাল বুধবার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। পাশাপাশি একই দাবিতে ছাত্রলীগ বৃহস্পতিবার ছাত্র ধর্মঘট ডেকেছে। ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্র ফেডারেশনের সমন্বয়ে গঠিত প্রগতিশীল ছাত্রজোটের উপাচার্য অফিস ঘেরাও কর্মসূচি চলাকালে চবি ছাত্রদলের একটি বিক্ষোভ মিছিলও কলাভবনসহ ক্যাম্পাসের বিভিন্ন ফটকান্তি ঘুরে উপাচার্য অফিসের অদূরে সমাবেশে মিলিত হয়। ছাত্রদল অবিলম্বে বর্তমান উপাচার্যের পদত্যাগ দাবি করেছে।

বেতন ফি বৃদ্ধিকে কেন্দ্র করে চলতি আন্দোলন এবং সম্ভাব্য হানাহানির বিষয়ে রোববার রাতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এক বৈঠকে মিলিত হয়। বৈঠকে সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা হলেও বেতন ফি কমানোর ব্যাপারে কোনও সিদ্ধান্ত নেয়া হয়নি বলে জানা গেছে। উল্লেখ্য, এ বছর থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রত্যেক বিভাগে শিক্ষার্থীদের ভর্তি, পরিবহন, বেতন ও সার্টিফিকেটসহ সব ধরনের ফি প্রায় ৭৫ শতাংশ বাড়িয়ে দেয়া হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৯৬-৯৭ সেশনে ভর্তি ফি'র পরিমাণ ছিল ৪৪৮ টাকা। দু'শাপে বেড়ে বর্তমানে তার পরিমাণ দাঁড়িয়েছে ২২০০ টাকা থেকে ২৫০০ টাকা। অভ্যন্তরীণ আয় বাড়াতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন ভর্তি ও অন্যান্য ফি'র পরিমাণ বাড়িয়েছে।